

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 21-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) যথাযোগ্য মর্যাদায় আজ ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপিত।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের আর্থসামাজিক উন্নয়ন সঠিক ভাবে হলেই পূর্ণরাজ্যের স্বীকৃতির সার্থকতা আসবে।
- (৩) সরকার জানিয়েছে যে সারা দেশে চার কোটিরও বেশি সুকন্যা সমৃদ্ধি অ্যাকাউন্ট খোলা হয়েছে।
- (৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।

Greetings :

যথাযোগ্য মর্যাদায় আজ ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপিত হয়েছে। আজ মেঘালয় ও মণিপুরেরও পূর্ণরাজ্য দিবস। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী মেঘালয়, ত্রিপুরা এবং মণিপুরের বাসিন্দাদের পূর্ণ রাজ্য দিবসের শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁর বার্তায় বলেছেন, এই রাজ্যগুলির উদ্যোগ্তারা দেশের উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। তিনি এই রাজ্যগুলির বাসিন্দাদের একটি শান্তিপূর্ণ এবং সমৃদ্ধ ভবিষ্যত কামনা করেন। উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন, ভারতের এই তিনটি উজ্জ্বল রঞ্জ, বৈচিত্র্যের মধ্যে ঐক্যের চেতনাকে

সুন্দরভাবে প্রতিফলিত করে এবং দেশের প্রাণবন্ত সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিফলিত করে। তিনি বলেন, রাজ্যগুলির স্বতন্ত্র ঐতিহ্য এবং দেশীয় প্রজ্ঞা দিয়ে এই রাজ্যগুলি সত্যিকার অথের্ই দেশের সাংস্কৃতিক কাঠামোকে সমৃদ্ধ করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শুভেচ্ছা বার্তায় বলেন যে দেশের উন্নয়নে মণিপুরের জনগণের ভূমিকার জন্য সমগ্র দেশ গর্বিত। তিনি বলেন মেঘালয় তার প্রাকৃতিক সৌন্দর্য এবং মানুষের শিল্প প্রকৃতির জন্য প্রশংসিত। তিনি ভবিষ্যতে রাজ্যের ক্রমাগত উন্নতির প্রার্থনাও করেন। তিনি বলেন ত্রিপুরা জাতীয় অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রাখেছে। তিনি আরো বলেন যে এই রাজ্য তার সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্যের জন্য পরিচিত।

Statehood Day-Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি লাল্লু পূর্ণরাজ্য দিবসে ত্রিপুরা মনিপুর, মেঘালয়ের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। এ উপলক্ষ্যে আজ আগরতলা রাজ্যবনে তিনি ত্রিপুরা, মেঘালয়, মনিপুরের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। রাজ্যে পড়াশোনা ও বিভিন্ন কাজের সূত্রে মেঘালয় ও মনিপুরের বাসিন্দা যারা ত্রিপুরায় থাকেন তাদের কয়েকজনকেও রাজ্যবনে সংবর্ধিত করা হয়। রাজ্যপাল এই অনুষ্ঠানে এই তিনি রাজ্যের বিশেষত্ব, কৃষ্টি, সংস্কৃতি ইতিহাস ও পর্যটন ইত্যাদি সম্পর্কে অবহিত হন।

#####Byte#####

Tripura Statehood Day-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের আর্থসামাজিক উন্নয়ন সঠিক ভাবে হলেই পূর্ণরাজ্যের স্বীকৃতির সার্থকতা আসবে। আগামী দিনে রাজ্যকে উন্নতির শিখরে নিয়ে যেতে প্রাথমিক ক্ষেত্র সহ উদ্যোগ পালন, ফসল বীমা যোজনা,

মৎস্য চাষ, পর্যটন ক্রীড়া সহ সামগ্রিক ক্ষেত্রে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা স্থির করে কাজ করছে সরকার। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রযুক্তির সহায়তায় প্রশাসনিক ব্যবস্থায় সরলীকরণ এবং প্রশাসনকে সমাজের অন্তিম ব্যক্তির কাছে পৌঁছে দেওয়াই বর্তমান সরকারের মূল লক্ষ্য। সাম্প্রতিককালে রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির প্রসঙ্গ উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার সহ রাজ্যের নাগরিকদের সর্বাত্মক সহযোগিতায় এই ভয়াবহ বন্যা পরিস্থিতিকে মোকাবিলা করে এগিয়ে যাওয়া সম্ভব হয়েছে। ডাবল ইঞ্জিন সরকার থাকার ফলেই যে কোনও সমস্যার দ্রুত সমাধান করা সম্ভব হচ্ছে। তিনি বলেন, প্রধানমন্ত্রীর ঘোষিত হীরা কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে রাজ্যের যোগাযোগ বিশেষ করে জাতীয় সড়ক, রেল, ইন্টারনেট সম্প্রসারণ ইত্যাদি ব্যবস্থার প্রভৃতি উন্নতি হয়েছে।

#####Byte#####

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা রাজ্যের লোগোর আনুষ্ঠানিক প্রকাশ করেন। এই অনুষ্ঠানেই প্রয়াত সুশান্ত কুমার চৌধুরীকে মরণোত্তর ত্রিপুরা বিভূষণ সন্মান, পত্তি সুবল বিশ্বাসকে ত্রিপুরা ভূষণ সন্মান, জহর ব্যানার্জীকে শচিন দেববর্মন স্মৃতি রাজ্য সন্মান, কুমারী জ্যোৎস্না আক্তারকে মহারানী কাঞ্চনপ্রভা দেবী স্মৃতি রাজ্য সন্মান এবং স্মিতা দত্ত চৌধুরীকে স্টেট এওয়ার্ড ফর সায়েন্টিফিক এন্ড এনভায়রনমেন্ট এক্টিভিটিস সন্মান প্রদান করা হয়।

তাছাড়া উল্লেখযোগ্য অবদানের জন্য রাজ্য সরকারের ১৫টি বিভিন্ন দপ্তর, বিভিন্ন জেলা, ব্লক এবং দক্ষতার সাথে কাজ করার জন্য বিভিন্ন আধিকারিকদেরও পুরস্কৃত করা হয়। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী স্বাতন্ত্র্য চাকমা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, সমবায় মন্ত্রী শুক্রাচরণ নোয়াতিয়া, রাজ্য পুলিশের

মহানির্দেশক অমিতাভ রঞ্জন, মুখ্যসচিব জে কে সিনহা, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী প্রমুখ।

Statehood Day-South :

সাব্রতম মহকুমার ব্রজেন্দ্রনগর দ্বাদশ স্কুলে পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফ্রন মগ, জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে শান্তিরবাজার মহকুমাভিত্তিক অনুষ্ঠানের সূচনা করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য। বিলোনিয়ার বিদ্যাপীঠ সুবর্ণ জয়ন্তী হলেও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

Statehood Day-Sonamura :

সোনামুড়া মহকুমা প্রশাসন, নগর পঞ্চায়েত ও তথ্য সংস্কৃতি দপ্তরের ঘোথ উদ্যোগে সোনামুড়া টাউন হলে পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠিত হয় আলোচনাচক্র, কুইজ প্রতিযোগিতা। তাছাড়া একটি বর্ণাত্য শোভাযাত্রা সোনামুড়া শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া, সিপাহীজলা জিলা পরিষদ সদস্য বিশ্বজিৎ দাস প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ। ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক

প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Suknya Sambriddhi :

সরকার জানিয়েছে যে সারা দেশে চার কোটিরও বেশি সুকন্যা সমৃদ্ধি অ্যাকাউন্ট খোলা হয়েছে। বেটি বাঁচাও, বেটি পড়াও অভিযানের অংশ হিসাবে ২০১৫ সালের ২২শে জানুয়ারী প্রকল্পটি চালু করা হয়েছিল। এই প্রকল্পে অভিভাবকরা ন্যূনতম ২৫০ টাকা প্রাথমিক আমানত দিয়ে শুরু করে যেকোনো পোস্ট অফিসে বা মনোনীত বাণিজ্যিক ব্যাঙ্ক শাখায় মেয়েদের জন্য একটি সুকন্যা সমৃদ্ধি অ্যাকাউন্ট খুলতে পারেন। অর্থ মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পে বর্তমানে বার্ষিক সুদের হার ৮.২শতাংশ।

PM, JANMAN :

সরকার আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বিষয়ে জেলা শাসকদের একটি জাতীয় সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে প্রধানমন্ত্রী জনমনের অধীনে ছয়টি মূল ক্ষেত্র, আবাস, সড়ক, অঙ্গনওয়াড়ি, ছাত্রাবাস, বহুমুখী কেন্দ্র এবং বন ধন বিকাশ কেন্দ্র নিয়ে আলোচনা হয়। সম্মেলনের উদ্বোধন করেন আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম। ১৮টি রাজ্যের মোট ৮৮টি জেলা PM JANMAN-এর বাস্তবায়নের অভিজ্ঞতা তুলে ধরে। সরকারের লক্ষ্য হলো, সরকারের নীতি এবং তৃণমূলকরের মধ্যে ব্যবধান ঘুচিয়ে অংশগ্রহণকারী ১৮টি রাজ্যের প্রতিটি কোণায় সবচেয়ে প্রত্যন্ত এবং অনুন্নত সম্প্রদায়ের

উপর বিশেষ দৃষ্টি নিবন্ধ করে PM JANMAN-এর সুবিধা নিশ্চিত করা।

Statehood Day-Unakoti :

উনকোটি জেলাতেও আজ পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে ফটিকরায় নজরুল কলাকেন্দ্রে কুমারঘাট মহকুমাভিত্তিক কর্মসূচির উদ্বোধন করেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, মহকুমা শাসক এন, এস, চাকমা প্রমুখ। জেলা সদর কৈলাশহরে এই উপলক্ষে রেলি ও উনকোটি কলাক্ষেত্রে ছাত্রছাত্রীদের মধ্যে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

Statehood Day-Dhalai :

ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ আমবাসা টাউন হলে পূর্ণরাজ্য দিবস অনুষ্ঠান উদযাপন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুমিতা দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এমডিসি ভূমিকানন্দ রিয়াং, ধলাই জেলার সিনিয়র ডেপুটি কালেক্টর ভবেশ চন্দ্র ভদ্র।

Police DGP-Blood Donation :

রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন পুলিশ সপ্তাহ উপলক্ষ্যে আজ এডিনগর পুলিশ মাঠে রক্তদান শিবির ও বাইক রেলির উদ্বোধন করেন। শিবিরে ৩০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। পুলিশের মহানির্দেশক জানান, বাইক রেলি থেকে বিভিন্ন স্কুলের সামনে ছাত্রছাত্রীদের নেশার কুফল, সাইবার অপরাধ সহ

বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়েছে। রেলিতে পুলিশ, টিএসআর
জওয়ানরা অংশ নেন।

Police Week-Sonamura :

পুলিশ সপ্তাহ উপলক্ষে আজ সোনামুড়া মহকুমা পুলিশ প্রশাসনের
উদ্যোগে সোনামুড়া শহরে সচেতনতামূলক রেলি অনুষ্ঠিত হয়।
সড়ক নিরাপত্তা ও নেশার বিরুদ্ধে ছাত্রছাত্রীদের মধ্যে সচেতনতা
বৃদ্ধির লক্ষ্যেই এই আয়োজন বলে জানিয়েছেন সোনামুড়া মহকুমা
পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা।

Assam Rifles :

মাদক বিরোধী অভিযানে উল্লেখযোগ্য সাফল্য পেয়েছে আসাম
রাইফেলস। আগরতলার শালবাগান এলাকায় অভিযান চালিয়ে
আসাম রাইফেলসের জওয়ানরা ৬০ হাজার ইয়াবা ট্যাবলেট সহ
দুই যুবককে আটক করেছে। আজ আসাম রাইফেলস এক
বিবৃতিতে জানিয়েছে, আন্তর্জাতিক বাজারে উদ্বারকৃত মাদকের
মূল্য প্রায় ১২ কোটি টাকা।

Blood Donation-CPIM :

সিপিআই এম সদর মহকুমা কমিটির উদ্যোগে আজ আগরতলায়
এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন
বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রান্তন মুখ্যমন্ত্রী মানিক
সরকার প্রমুখ। শিবিরে মোট ৭৮ জন স্বেচ্ছায় রক্তদান
করেন।

Blood Donation-Udaipur :

উদয়পুর বিবেকানন্দ বিদ্যাপীঠের ৪২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে
আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১১
জন মহিলা সহ মোট ৪২ জন স্বেচ্ছায় রক্তদান করে।

এই অনুষ্ঠানে তিন শতাধিক দুষ্টদের মধ্যে কম্বল বিতরণ করা
হয়। উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল
চন্দ্র মজুমদার, স্কুল পরিচালন কমিটির সম্পাদক বিমল চক্রবর্তী
ও স্কুলের প্রধান শিক্ষক শ্যামসুন্দর দত্ত প্রমুখ।

Under-15 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫
বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। প্রথম
দিনে চারটি খেলা হয়। নেপকো মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার
৪৩২ রানে পোলস্টার ক্লাবকে, তালতলা মাঠে এডি নগর কোচিং
সেন্টার ৫০৩ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে, নরসিংগড়ের
পঞ্চায়েত মাঠে জুয়েলস কোচিং সেন্টার ১৩০ রানে দশমীঘাট
কোচিং সেন্টারকে এবং আস্বেদকর মাঠে এগিয়ে চলো সংঘ ৬
উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে পরাজিত করে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা
পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস
এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ
দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস
এবং সর্বনিম্ন বারো দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।
